# সেনেড নির্বাচন এবং এর সদস্য সংক্রান্ত পরিবর্তন সমূহ



**ওয়েলসের তাদের নিজস্ব সংসদ রয়েছে – দি সেনেড। ৭ই মে ২০২৬ এর নির্বাচনের পর থেকে আপনি সেনেডে কিছু পরিবর্তন দেখতে পারবেন।**

আপনার যা জানা প্রয়োজন তা তুলে ধরা হলো :

- **৯৬ জন সদস্য :** সেনেডে ৬০ জনের পরিবর্তে ৯৬ জন সদস্য থাকবেন।
- **ভোট প্রদানের নতুন পদ্ধতি :** কোন একটি রাজনৈতিক দল বা কোন স্বতন্ত্র প্রার্থিকে নির্বাচিত করার জন্য এখন থেকে ১৬+ বয়সের প্রত্যেকের একটি করে ভোট থাকবে।
- **নতুন নির্বাচনী এলাকা :** ওয়েলস এ ১৬টি নির্বাচনী এলাকা থাকবে। প্রতিটি নির্বাচনী এলাকা থেকে ছয় জন সদস্য নির্বাচিত করা হবে।
- **নতুন নিয়ম :** নির্বাচনে যিনি দাঁড়াবেন তাকে অবশ্যই ওয়েলসে বসবাস করতে হবে।

Senedd Cymru
Welsh Parliament

## নিম্নলিখিত বিষয়গুলোতে যান :

- কেন এটি গুরুত্বপূর্ণ ?
- সেনেডে কতজন সদস্য থাকবেন ?
- ভোট পদ্ধতিতে কিভাবে পরিবর্তন হচ্ছে?
- কারা ভোট দিতে পারবেন ?
- কিভাবে নির্বাচনী এলাকা পরিবর্তিত হচ্ছে ?
- সাধারন প্রশ্ন



# কেন এটি গুরুত্বপূর্ণ ?

ওয়েলসের একটি নিজস্ব সংসদ আছে যার নাম – দি সেনেড। এর অর্থ সেনেড, যুক্তরাজ্যের সংসদ নয়, ওয়েলেসের জন্য বিভিন্ন ক্ষেত্রে আইন তৈরি করে থাকে, যার মধ্যে রয়েছে:

- হাসপাতাল এবং জিপি
- স্কুল
- সড়ক ও রেল পরিবহন
- কৃষি কাজ ও প্রাণী
- পরিবেশ
- ওয়েলশ ভাষা

ওয়েলস এর আইন সমূহ বিশেষ ভাবে ওয়েলস এর পরিস্থিতির দিকে নজর দেয়, যা যুক্তরাজ্যের অন্যান্য অংশের চেয়ে ভিন্ন হতে পারে।

সেনেড কর্তৃক পাশ করা আইন সমূহ যা ওয়েলস এর জন্য প্রযোজ্য তবে ইংল্যান্ডে নয় :

- একবার-ব্যাবহার যোগ্য ক্যারিয়ার ব্যাগের জন্য চার্জ প্রবর্তন (যুক্তরাজ্যের মাঝে প্রথম দেশ যা এটি চালু করেছে)।
- ঘন্টা প্রতি ২০ মাইল গতি সীমা নির্ধারন।
- স্ম্যাকিং (চপেটাঘাত) নিষেধাজ্ঞা।

এর অর্থ হলো ২০২৬ সালের মে মাসে আপনারা যাদের নির্বাচিত করবেন তাদের ক্ষমতা থাকবে আপনার দৈনন্দিন জীবনে প্রভাব সৃষ্টিকারী বিষয় সমূহের উপর  সিদ্ধান্ত গ্রহন করার।

# সেনেডে কতজন সদস্য থাকবেন ?

**৭ ই মে ২০২৬ এর নির্বাচন থেকে শুরু করে, সেনেডে ৬০ জনের পরিবর্তে ৯৬ জন সদস্য থাকবেন।**

বিগত ২৫ বছর ধরে সেনেডে সদস্য সংখ্যা একই রয়ে গেছে, যদিও এখন এটির দায়িত্ব আরো বৃদ্ধি পেয়েছে  যেমন সম্পূর্ণ আইন তৈরি করার ক্ষমতা এবং ওয়েলসে কিছু কর পরিবর্তনের ক্ষমতা।

হাসপাতাল, শিক্ষা ও পরিবহনের মত গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে ওয়েলস সরকারের ব্যায় ও পরিকল্পনাকে আরো উত্তমরূপে পর্য্যালোচনা ও চ্যালেঞ্জ করার জন্য অধিকতর সদস্য সেনেডকে সহায়তা করবে।

এর দ্বারা এসব সিদ্ধান্তগুলোর বিষয়ে আপনার কমিউনিটিকে একটি বলিষ্ট কন্ঠস্বর প্রদান করবে।

৯৬ জন সদস্য সহকারে, সেনেডে আপনাদের প্রতিনিধি সংখ্যা ওয়েলসের অনুরুপ আকারের অন্যান্য দেশের সাথে সামঞ্জস্য পূর্ণ হবে – যেমন স্কটল্যান্ডে আছেন ১২৯ জন এবং উত্তর আয়ারল্যান্ডে আছেন ৯০ জন।

**নতুন কী?**

- ভোটাররা ৯৬ জন সদস্যকে নির্বাচিত করবেন।
- আপনাকে প্রতিনিধিত্ব করার জন্য সেনেডে ছয় জন সদস্য থাকবেন ।

# ভোট পদ্ধতিতে কিভাবে পরিবর্তন হচ্ছে?

## ২০২৬ সালে, আপনার ভোট প্রদানের পদ্ধতি পরিবর্তন হয়ে যাবে।

আপনার বয়স যদি ১৬ বছরের বেশি হয়ে থাকে তবে আপনি ২০২৬ সালের সেনেডে নির্বাচনে ভোট দিতে পারবেন।

সেনেডে আপনার কমিউনিটির প্রতিনিধি নির্বাচনের জন্য আপনার একটি ভোট থাকবে।

ভোটের নতুন এই পদ্ধতিকে বলা হয় “ বদ্ধ আনুপাতিক তালিকা ব্যাবস্থা ” । এর অর্থ হল আপনি কোন এক জন ব্যাক্তিকে ভোট প্রদানের পরিবর্তে কোন একটি রাজনৈতিক দল বা কোন এক স্বতন্ত্র ব্যাক্তিকে ভোট প্রদান করবেন।

আপনার নির্বাচনি এলাকার সকল প্রার্থীদের সম্পূর্ণ তালিকা ব্যালট পেপারে দেখা যাবে যাতে আপনি দেখতে পারেন আপনি কাকে ভোট প্রদান করতেছেন।

যদি কোন একটি দল পর্যাপ্ত  ভোট পেয়ে থাকে তবে তারা সেনেডে এক বা একাধিক আসন জিতবে। যদি কোন স্বতন্ত্র পর্যাপ্ত ভোট পেয়ে থাকেন তবে তারা সেনেডে একটি আসন জিতবেন।

আসন সংখ্যাতে প্রতিটি দলের বা স্বতন্ত্র ব্যাক্তির প্রাপ্ত ভোটের শতকরা হার প্রতিফলিত হবে।

আরো অধিকতর জানার জন্য : পরবর্তি সেনেড নির্বাচনে ভোট প্রদানের নতুন পদ্ধতি কিভাবে কাজ করবে ?

### নতুন কী?

- বিগত নির্বাচন গুলোর মত পৃথক দুটো ব্যালট পেপারের পরিবর্তে সেনেডে আপনার প্রতিনিধি নির্বাচন করার জন্য আপনার থাকবে একটি ভোট ও একটি ব্যালট পেপার।
- আপনি যখন ভোট প্রদান করবেন তখন যে রাজনৈতিক দল বা যে স্বতন্ত্র প্রার্থী আপনাকে প্রতিনিধিত্ব করুক বলে আপনি চান তাকেই বেছে নিবেন।

# কারা ভোট দিতে পারবেন ?

৭ ই মে ২০২৬ সালে সেনেড নির্বাচনে ভোট প্রদানের জন্য আপনাকে অবশ্যই :

- নির্বাচনের দিন বয়স ১৬ বছর বা এর বেশী হতে হবে,
- ভোট প্রদানের জন্য নিবন্ধিত হতে হবে,
- একজন ব্রিটিশ, আইরিশ অথবা একজন যোগ্য কমনওয়েলথ নাগরিক, ইউরোপিয় ইউনিয়নের নাগরিক বা যোগ্য বিদেশী নাগরিক হতে হবে,
- ওয়েলসে বসবাসকারী হতে হবে।

**আপনি যোগ্য কি না তা নিশ্চিত নন ?**

ভোট দানের জন্য নিবন্ধন সম্পর্কে আরো অনেক তথ্য নির্বাচন কমিশনের ওয়েবসাইটে রয়েছে :

ভোট দিতে নিবন্ধন করুন । নির্বাচন কমিশন



# কিভাবে নির্বাচনী এলাকা পরিবর্তিত হচ্ছে ?

## ওয়েলসে ৪০ টির পরিবর্তে ১৬ টি নির্বাচনী এলাকা থাকবে।

নতুন এই সকল নির্বাচনী এলাকার প্রতিটিতে ৬ জন করে সদস্য থাকবেন, সেনেডে এর ফলে সর্বমোট ৯৬ জন সদস্য নির্বাচিত হবেন।

যুক্তরাজ্যের সংসদে ওয়েলসের জন্য ৩২ টি সংসদীয় নির্বাচনী এলাকার সাথে জোড় মিলিয়ে ডেমোক্রেসি এন্ড বাউন্ডারি কমিশন কামরি নতুন এই অঞ্চলগুলো তৈরি করেছেন। তারা এ ব্যাপারে স্থানীয় সীমানা, সড়ক ও পরিবহন সংযোগ সহ নদী ও পাহাড়ের মত প্রকৃতিক বৈশিষ্ট গুলো বিবেচনা করেছিলেন।

## ২০২৬ সালের নির্বাচনের জন্য সেনেড নির্বাচনী এলাকা সমূহ :

1. Bangor Conwy Môn
2. Clwyd
3. Fflint Wrecsam
4. Gwynedd Maldwyn
5. Ceredigion Penfro
6. Sir Gaerfyrddin
7. Gŵyr Abertawe
8. Brycheiniog Tawe Nedd
9. Afan Ogwr Rhondda
10. Pontypridd Cynon Merthyr
11. Blaenau Gwent Caerffili Rhymni
12. Sir Fynwy Torfaen

**13.** Casnewydd Islwyn

**14.** Caerdydd Penarth

**15.** Caerdydd Ffynnon Taf


**16.** Pen-y-bont Morgannwg

আমাদের নতুন কন্সিস্টিউন্সি ফাইন্ডার ম্যাপে আপনার পোস্ট কোডটি দিয়ে আপনি আপনার নতুন নির্বাচনী এলাকা খুঁজে পেতে পারেন

## নতুন কী?

- ওয়েলসে ১৬ টি নির্বাচনী এলাকা থাকবে
- প্রতিটি নির্বাচনী এলাকা ছয় জন সদস্য নির্বাচিত করবেন।

এসব পরিবর্তনের অর্থ হল আপনার নিজের, আপনার পরিবারের এবং আপনার কমিউনিটির জন্য বলিষ্ট প্রতিনিধিত্ব।



# সাধারন প্রশ্ন

## ২০২৬ সালের সেনেড নির্বাচনটি কবে অনুষ্ঠিত হবে ?

৭ ই মে ২০২৬।

## সেনেড বিল্ডিংটি কি পরিবর্তন করা দরকার ?

৯৬ জন সদস্যের স্থান সংকুলানের জন্য সেনেডর বিতর্ক কক্ষ (ডিবেটিং চেম্বার) সিয়াম্বর (Siambr ) এর পুন:বিন্যাস করা হবে। ২০২৫ সালের এপ্রিল মাসে কাজ শুরু করে ২০২৬ সালের বসন্ত কালের দিকে সমাপ্ত হবে।

আরও সাধারন প্রশ্ন সমূহ :





Senedd Cymru
Welsh Parliament

www.senedd.cymru | www.senedd.wales